

৫। সিরাজুল ইসলাম চৌধুরী ‘দ্বিজাতিতত্ত্বের সত্য মিথ্যা’ বলতে ঠিক কী বোঝাতে চেয়েছেন? তাঁর বক্তব্যের সঙ্গে কি তুমি সহমত পোষণ কর? তোমার উত্তরে সপক্ষে যুক্তি দাও।

অথবা

৬। ‘সোনার বাংলা’র মিথ নির্মাণে ‘মুজিবের কল্পনাকুশলতা ও জয়নুল আবেদিনের বাস্তববাদিতা’ কীভাবে সহায়তা করেছে, প্রাবন্ধিক বোরহানউদ্দীন খান জাহাঙ্গীরের যুক্তিক্রম অনুসারে বুঝিয়ে দাও।

১০

৭। প্রাবন্ধিক বদরুদ্দীন উমরের ‘সাংস্কৃতিক সাম্প্রদায়িকতা’ প্রবন্ধ অবলম্বনে ভারতীয় উপমহাদেশে ‘সাংস্কৃতিক সাম্প্রদায়িকতা’র স্বরূপ বিশ্লেষণ করো।

১০

অথবা

৮। ‘বাঙালী মুসলমানের মন’ প্রবন্ধে প্রাবন্ধিক আহমদ ছফা সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে মুসলমান বাঙালির সমাজ বিকাশের ধারাকে ব্যাখ্যা করে বেশ কিছু সাহসী সিদ্ধান্তে উপনীত হয়েছেন। প্রবন্ধ অবলম্বনে সেই সিদ্ধান্তগুলি পর্যালোচনা করো।

১০

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৫৭এ

বাংলাদেশের প্রবন্ধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। “আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি। এটি কোনো আদর্শের কথা নয়, এটি একটি বাস্তব কথা।” উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১০

অথবা

২। “ধর্ম মানুষকে মানুষের হাত থেকে বাঁচাতে পারেনি। ধর্মযুদ্ধ কথাটা একটা স্ববিরোধী উক্তি। ধর্মকে মানবতার ওপর স্থান দিতে গিয়েই মানুষ এ ধরনের বহু স্ববিরোধিতার শিকার হয়েছে।” আবুল ফজলের ‘মানবতন্ত্র’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো।

১০

৩। বাঙালির আত্মপরিচয়ের সংকটগুলিকে প্রাবন্ধিক কবীর চৌধুরী চিহ্নিত করেছেন, তাঁর বক্তব্যের সঙ্গে তুমি কি সহমত? যুক্তিসহ তোমার মতামত দাও।

১০

অথবা

৪। “বাঙালির আত্মপরিচয়ের জন্য বাংলাদেশের প্রতিষ্ঠা বড় এক অগ্রগতি। এখানে ভাষা ও অঞ্চলের অভূতপূর্ব মিলন ঘটল।” বাঙালির আত্মপরিচয় নির্মাণের ক্ষেত্রে ‘বাংলাদেশ’ নামক রাষ্ট্রের প্রতিষ্ঠা এবং ‘ভাষা ও অঞ্চলের অভূতপূর্ব মিলন’-এর তাৎপর্য বিশ্লেষণ করো।

১০

[ Turn over